রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২৯২ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia, Bangladesh
Phone : +88-02477786704 (Office)
PABX : +88-02477786710-02477786715 /2292 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : প্রশা./হবি-২০২৫/১৪৩৮
Ref. No.

তারিখ : ২৯/০৬/২০২৫
Date:

# সাময়িক মঞ্জুরী আদেশ

বিষয় : পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৯ এর আওতায় জনাব আব্দুল্লাহ আল মামুন, উপ-রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-এর অনুকূলে গৃহনির্মাণ ঋণ সাময়িক মঞ্জুরী আদেশ।

বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদানের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৬-১২-২০১৯ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নম্বর পরিপত্র অনুযায়ী বাস্তবায়নকারী প্রতিষ্ঠান অগ্রণী ব্যাংক লিঃ তাদের ১৮-০৬-২০২৬ খ্রি. তারিখের ইবি কর্পোঃশাঃ/পাঃবিগৃঃনিঃঋণ/মঞ্জুরী/০১/২০২৫ নং স্মারকে প্রস্তাবিত ঋণগ্রহীতা জনাব আব্দুল্লাহ আল মামুন-এর অনুকূলে শর্ত সাপেক্ষে ৬০,০০,০০০.০০ (ষাট লক্ষ) টাকা ঋণ প্রদানের জন্য সাময়িক মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

| | | | |
|---|---|---|---|
| প্রস্তাবিত ঋণগ্রহীতার নাম (NID সহ) | জনাব আব্দুল্লাহ আল মামুন, নং ৮২৪১৬১২১৮৬ | | |
| বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | অগ্রণী ব্যাংক লিমিটেড, ইসলামী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা, কুষ্টিয়া<br>হিসাব নম্বর : ০২০০০০৩১১৩৭৪৫, রাউটিং নং-০১০৫০০৬৭৯ | | |
| প্রস্তাবিত ঋণের পরিমাণ | ৬০,০০,০০০.০০ (ষাট লক্ষ) টাকা | | |
| ঋণ আবেদনের কারণ | ☐ ফ্লাট ক্রয় | ☑ বাড়ি নির্মাণ | ☐ জমি ক্রয়সহ বাড়ি নির্মাণ |
| প্রস্তাবিত ঋণের ধরণ | ☑ একক | ☐ গ্রুপ ভিত্তিক | |
| মাসিক সুদ ভর্তুকির পরিমাণ | সংযুক্ত সিডিউল মোতাবেক | | |
| মোট সুদ ভর্তুকির পরিমাণ | সংযুক্ত সিডিউল মোতাবেক | | |
| সুদ ভর্তুকি সমাপ্তির তারিখ | ☐ ঋণের মেয়াদ পূর্তি পর্যন্ত | ☑ পিআরএল সমাপ্তির তারিখ : ৩০-১১-২০৩৯ | |

তবে শর্ত থাকে যে,

(ক) অর্থ বিভাগের সম্মতির পর বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এবং ঋণগ্রহীতার মধ্যে সম্পাদতি ঋণ চুক্তির একটি অনুলিপি (ঋণ পরিশোধের তফসিলসহ) অত্র অফিসে জমা দিতে হবে। প্রস্তুতকৃত তফসিল চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং ইসলামী বিশ্ববিদ্যালয়-এর পূর্বসম্মতি ব্যতিত এ তফসিল পরিবর্তন করা যাবে না।

(খ) সুদ ভর্তুকি বাবদ প্রদেয় অর্থ, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের পরিচালন বাজেটের আওতায় বিশ্ববিদ্যান-এর শিক্ষক/কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণের সুদের উপর ভর্তুকি পরিশোধ করা হবে।

(গ) নীতিমালার ৪ (গ) অনুচ্ছেদ অনুসারে প্রস্তাবিত ঋণগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে।

(ঘ) প্রস্তাবিত ঋণগ্রহীতাকে এই মর্মে ব্যাংকের নির্ধারিত ফরমে ক্ষমতা প্রদান করতে হবে যে, "তাঁর ব্যাংক হিসাবে জমাকৃত মাসিক বেতন থেকে তফসিলে বর্ণিত ঋণের কিস্তির (আসল+সুদ) সমপরিমাণ টাকা কিস্তি হিসাবে কর্তনের পর অবশিষ্ট অর্থ তিনি উত্তোলন করবেন"।

(ঙ) ঋণগ্রহীতা ঋণের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্য হবেন। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে নিতে পারবেন।

চলমান পাতা-০২

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২৯২ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

Office of the Registrar
Islamic University
Kushtia, Bangladesh
Phone : +88-02477786704 (Office)
PABX : +88-02477786710-02477786715 /2292 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : প্রশা:/ইবি-২০২৬/১৪৭৮
Ref. No.



তারিখ : ২৯/০৬/২০২৬
Date:

(চ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/ চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে তিনি বিষয়টি অনতিবিলম্বে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এবং অর্থ বিভাগকে অবহিত করবেন।

(ছ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/ চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।

(জ) কোন কারণবশতঃ Pay Point পরিবর্তন হলে ঋণগ্রহীতা অনতিবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তনজনিত কারণে কিস্তি প্রদানে জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন।

(ঝ) ঋণগ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু এবং দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে সাথে সাথে বিষয়টি অর্থ বিভাগকে এবং সংশ্লিষ্ট বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে অবহিত করবেন।

(ঞ) ঋণ প্রদানের ক্ষেত্রে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান "বিশ্ববিদ্যালয় কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা এবং অর্থ বিভাগের বিগত ২৬-১২-২০১৯ খ্রি. তারিখের অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত বিষয়ে গঠিত "ওয়ার্কিং কমিটি (Working Committee)"-এর সভার সিদ্ধান্তসমূহ যথাযথ অনুসরণ করবে।

(ট) এই মঞ্জুরীপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৬-১২-২০১৯ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নম্বর পরিপত্রের বিধানবলী পরিপালনযোগ্য হবে।

(ঠ) পরবর্তীতে কোনরূপ অসম্পূর্ণ অথবা অসত্য কিংবা নীতিমালার সাথে অসংগতিপূর্ণ কোন তথ্য পরিলক্ষিত হলে এই আদেশ যেকোন সময় বাতিল করার ক্ষমতা ইসলামী বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করবে।

(ড) এ মঞ্জুরী আদেশের মেয়াদ আদেশ জারির তারিখ হতে সর্বোচ্চ ৯০ (নব্বই) দিন বলবৎ থাকবে।

২৯/০৬/২০২৬
(মুহাম্মদ ইব্রাহিম খলিল)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া
মোবাইল ঃ ০১৮৭৫-০৯০১২৫

জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন
উপ-রেজিস্ট্রার
রেজিস্ট্রার অফিস
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

স্মারক নং প্রশা:/ইবি-২০২৬/

তারিখ ঃ ২৯-০৬-২০২৬ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ

১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
২। পরিচালক, আইসিটি সেল, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
৩। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
৪। সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান, অগ্রণী ব্যাংক লিঃ, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, কুষ্টিয়া।
৫। সংশ্লিষ্ট নথি।

২৯/৬/২৬
(মোঃ নাজিম উদ্দিন)
সহকারী রেজিস্ট্রার
রেজিস্ট্রার অফিস (প্রশাসন)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

Phone: +8802477786740
Mobile: 01713-253796
Email: br7967@bangla.net

অগ্রণী ব্যাংক পিএলসি. ইসলামী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা, কুষ্টিয়া
Agrani Bank PLC Islamic University Corporate Branch,Kushtia
Committed to serve the nation

মঞ্জুরিপত্র নংঃ- ইবিকর্পোঃশাঃ/পাঃবিঃগৃঃনিঃঋণ/মঞ্জুরী/০১/২০২৬

তারিখঃ ১৮/০৬/২০২৬ ইং।

| কর্মস্থলের ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|
| জনাব আব্দুল্লাহ আল মামুন<br>এনআইডি-৮২৪১৬১২১৮৬<br>পিতা-মোঃ গোলাম রসুল<br>উপ-রেজিস্ট্রার,রেজিস্ট্রার অফিস<br>ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া। | জনাব আব্দুল্লাহ আল মামুন<br>এনআইডি-৮২৪১৬১২১৮৬<br>পিতা-মোঃ গোলাম রসুল<br>গ্রামঃ জাংগালিয়া,মধ্যপাড়া, ডাকঃ বোয়ালিয়া,<br>থানাঃ শৈলকুপা,জেলাঃ ঝিনাইদহ। |

## সাময়িক মঞ্জুরীপত্র

**বিষয়ঃ** আপনার অনুকূলে পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৯ এর আওতায় ঝিনাইদহ পৌরসভার খোর্দ ঝিনাইদহ মৌজায় ৩.০০ শতক ভূমির উপর ৪ তলা ভিত বিশিষ্ট ভবনের বেইজমেন্টসহ ১ম,২য় ও ৩য় তলা পর্যন্ত সর্বমোট ৮২০.১২*৪= ৩২৮০.৪৮ বর্গফুট বাড়ী তৈরীর জন্য ২০ (বিশ) বছর মেয়াদে ৯% সরল সুদে (৪% কর্মচারী কর্তৃক প্রদেয় এবং ৫% সরকার কর্তৃক ভূর্তকি হিসেবে প্রদেয়) ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা বাড়ি নির্মাণ ঋণের সাময়িক মঞ্জুরিপত্র অনুমোদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অফিস নোট নং- ইবি কর্পো/৭৯৬-৭/পাঃ বিশ্বঃ গৃ নিঃ ঋণ/০১/২৬, তারিখঃ ২৬/০৪/২০২৬ ইং এর মাধ্যমে ঋণটি অনুমোদনের জন্য মহাব্যবস্থাপকের সচিবালয়, খুলনা সার্কেল; খুলনায় উপস্থাপন করা হলে মহাব্যবস্থাপক মহোদয় আপনার অনুকূলে পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৯ এর আওতায় মোট প্রাক্কলিত ব্যয় ৬৫.০৫ লক্ষ টাকার বিপরীতে ২০ (বিশ) বছর মেয়াদে (১২ মাস বাস্তবায়নকালীন সময়সহ) ৯% সরল সুদে (৪% ঋণগ্রহীতাকর্তৃক প্রদেয় এবং ৫% সরকার কর্তৃক ভূর্তকি হিসেবে প্রদেয়, যখন যে হার প্রযোজ্য) ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা গৃহনির্মাণ ঋণের সাময়িক মঞ্জুরীপত্র নিম্নে বর্ণিত শর্তে অনুমোদন করেন ঃ

| | | | |
|---|---|---|---|
| ক) | শাখার নাম | ঃ | অগ্রণী ব্যাংক পিএলসি, ইসলামী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা,কুষ্টিয়া। |
| খ) | হিসাবের ধরন ও নম্বর | ঃ | সঞ্চয়ী হিসাব, নম্বর -০২০০০০৩১১৩৭৪৫ |
| গ) | ঋণের প্রকৃতি | ঃ | পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৯। |
| ঘ) | ঋণের পরিমাণ | ঃ | ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা। |
| ঙ) | সুদের হার | ঃ | ৯% সুদে (৫% সরকারী ভর্তুকী + ৪% ঋণগ্রহীতা কর্তৃক প্রদেয়)। |
| ছ) | ঋণের মেয়াদ | ঃ | বিতরণের তারিখ হতে ২০ (বিশ) বছর মেয়াদে (১২ মাস বাস্তবায়নকালীন সময়সহ)। |
| চ) | ঋণের উদ্দেশ্য | ঃ | ঝিনাইদহ পৌরসভার খোর্দ ঝিনাইদহ মৌজায় ৩.০০ শতক ভূমির উপর ৪ তলা ভিত বিশিষ্ট ভবনের বেইজমেন্টসহ ১ম,২য় ও ৩য় তলা পর্যন্ত সর্বমোট ৮২০.১২*৪= ৩২৮০.৪৮ বর্গফুট ফ্ল্যাট/বাড়ি নির্মাণ। |
| ছ) | বিতরণ পদ্ধতি | ঃ | ঋণটি অগ্রণী ব্যাংক পিএলসি, ইসলামী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা, কুষ্টিয়া হতে বন্ধকী দলিল রেজিঃ এর পর নির্মাণ কাজের অগ্রগতির ভিত্তিতে ০৪ (চার) টি সমকিস্তিতে ৬০.০০ লক্ষ টাকা বিতরণযোগ্য হবে। |
| জ) | পরিশোধযোগ্য কিস্তি | ঃ | প্রধান কার্যালয়ের নির্দেশ পরিপত্র নং-সিপিসিআরএমডি/১৭,তারিখঃ ০২-০৩-২০২০ এর অনুচ্ছেদ নং ৬ (খ) অনুযায়ী কিস্তি নির্ধারণযোগ্য (পরিশোধসূচী সংযুক্ত)। ১২ মাস বাস্তবায়নকালীন সময় বাদে মাসিক পরিশোধযোগ্য কিস্তি ৫০৩৭২/-(আসল-২৬৩১৬/- সুদ-২৪০৫৬/-) |

(চলমান পাতা-০২)

Phone: +8802477786740
Mobile: 01713-253796
Email: br7967@bangla.net

**অগ্রণী ব্যাংক পিএলসি.** ইসলামী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা, কুষ্টিয়া
**Agrani Bank PLC** Islamic University Corporate Branch,Kushtia
Committed to serve the nation

মঞ্জুরিপত্র নংঃ- ইবিকর্পোঃশাঃ/পাঃবিঃগৃঃনিঃঋণ/মঞ্জুরী/০১/২০২৬ তারিখঃ ১৮/০৬/২০২৬ ইং।



**বিষয়ঃ** আপনার অনুকূলে পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৯ এর আওতায় ঝিনাইদহ পৌরসভার খোর্দ্দ ঝিনাইদহ মৌজায় ৩.০০ শতক জমির উপর ৪ তলা ভিত বিশিষ্ট ভবনের বেইজমেন্টসহ ১ম,২য় ও ৩য় তলা পর্যন্ত সর্বমোট ৮২০.১২*৪= ৩২৮০.৪৮ বর্গফুট বাড়ী তৈরীর জন্য ২০ (বিশ) বছর মেয়াদে ৯% সরল সুদে (৪% কর্মচারী কর্তৃক প্রদেয় এবং ৫% সরকার কর্তৃক ভর্তুকি হিসেবে প্রদেয়) ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা বাড়ি নির্মাণ ঋণের সাময়িক মঞ্জুরিপত্র অনুমোদন প্রসঙ্গে।

-ঃ সম্পত্তির তফসিল ঃ-

জেলা- ঝিনাইদহ, থানা- ঝিনাইদহ সদর, মৌজা- খোর্দ্দ ঝিনাইদহ, জে.এল নং-১২৪, সিএস খং নং-২৪৪, এস.এ খতিয়ান-২১২, আরএস খতিয়ান-৫৬৯, নামপত্তন খতিয়ান-২৫-২১৮৫, সিএস দাগ নং-২৯৪, এস.এ দাগ নং-২৯৪, আর.এস দাগ নং-১০৭৭, জমির পরিমাণ-৩.০০ শতক। জমির মালিকঃ আব্দুল্লাহ আল মামুন, পিতা-মোঃ গোলাম রসুল। জমির উপর নির্মিত বেইজমেন্টসহ ১ম,২য় ও ৩য় তলা পর্যন্ত সর্বমোট ৮২০.১২*৪= ৩২৮০.৪৮ বর্গফুট ফ্ল্যাট/বাড়ি ও আকর আওলাদীসহ।

চৌহদ্দি- উত্তরেঃ প্রস্তাবিত রাস্তা, দক্ষিণেঃ সাধন কর্মকার, পূর্বে-আবু রেজা,পশ্চিমেঃ রনি।

**শর্তাবলী ঃ**

(১) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই সাময়িক মঞ্জুরিপত্রের ভিত্তিতে ঋণ পরিশোধের চূড়ান্ত সিডিউল প্রতিস্বাক্ষরপূর্বক সরকারি মঞ্জুরির আদেশ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবে।

(২) গ্রাহকের নিজস্ব ইক্যুইটি ও বিতরণতব্য প্রতিটি কিস্তির অর্থ যথাযথভাবে নির্মাণ কাজে ব্যয় হয়েছে মর্মে নিশ্চিত হয়ে প্রতিটি কিস্তির অর্থ বিতরণযোগ্য হবে। শেষ কিস্তির টাকা এমনভাবে বিতরণযোগ্য হবে যাতে ইক্যুইটি ও শেষ কিস্তির টাকায় ভবনটি বসবাসযোগ্য হবে।

(৩) প্রস্তাবিত সম্পত্তি ও নির্মাণাধীন ভবন সম্পূর্ণ ঋণাংকের জন্য প্রধান কার্যালয়ের নির্দেশ পরিপত্র নং-আইন/৮০, তারিখ ০১-০৭-২০০৩ ও নির্দেশ পরিপত্র নং-আইন/৬৮, তারিখ ০৮-০৬-২০০৫ নির্দেশনা মোতাবেক নতুন করে রেজিস্টার্ড মর্টগেজ প্রদান করতে হবে। আদালতের হস্তক্ষেপ ছাড়াই বন্ধকী সম্পত্তি ব্যাংক বিক্রয় করতে পারবে এরূপ প্রাধিকার সম্বলিত রেজিস্টার্ড অপ্রত্যাহারযোগ্য আমমোক্তারনামা দলিল সম্পাদন করতে হবে।

(৪) নির্মাণাধীন ভবনের বন্ধকদাতা/মালিকের ব্যক্তিগত জামিননামা ও জাতীয় পরিচয়পত্র শাখা প্রধানের উপস্থিতিতে নিতে হবে।

(৫) ঋণ গ্রহীতার স্ত্রীর ব্যক্তিগত জামিননামা গ্রহণ করতে হবে।

(৬) শাখায় গ্রাহকের একটি হিসাব থাকতে হবে। উক্ত হিসাবের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীর বেতন/ভাতা পেনসন ও অবসরকালীন প্রাপ্তব্য আনুতোষিক পরিচালিত হবে। গৃহনির্মাণ ঋণ বা ফ্ল্যাট ক্রয় ঋণ বিতরণ ও কিস্তি আদায় সংক্রান্ত সমুদয় কার্যক্রম উক্ত হিসাবের মাধ্যমে পরিচালিত হবে মর্মে নিশ্চিত হয়ে ঋণটি বিতরণযোগ্য হবে।

(৭) ঋণ আবেদনকারীর বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী মামলায় রুজু নাই মর্মে প্রত্যয়নপত্র গ্রহণ সাপেক্ষে নিশ্চিত হয়ে ঋণটি বিতরণযোগ্য হবে।

(৮) প্রস্তাবিত নির্মাণাধীন ভবনের স্কেচ/ট্রেস ম্যাপ শাখার সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করতে হবে।

(৯) হালনাগাদ (সর্বশেষ প্রাপ্ত মাসের) সন্তোষজনক সিআইবি প্রতিবেদন গ্রহণ সাপেক্ষে ঋণটি বিতরণ করতে হবে।

(১০) ঋণ বিতরণের পর পরই সকল ঋণ তথ্য সিআইবিতে অন্তর্ভুক্ত করতে হবে।

(১১) মঞ্জুরিপত্রের শর্তানুসারে নিয়মিত ঋণ পরিশোধ করা হবে মর্মে গ্রাহকের নিকট থেকে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।

(১২) মঞ্জুরীকৃত ঋণে কোন কারনে সরকার কর্তৃক সুদ ভর্তুকী প্রাপ্য না হলে সেই সুদের অর্থ নিজে পরিশোধ করবেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।

(১৩) গ্রাহক আব্দুল্লাহ আল মামুন এর জন্ম তারিখ ০১/১২/১৯৭৮ এবং অবসর গ্রহনের তারিখ ৩০/১১/২০৩৯। ২০ বছর সম্ভাব্য ঋণের মেয়াদ ৩১/০৩/২০৪৬ বিধায় অবসোত্তর পাওনা হতে দায় স্থিতি সমন্বয় করতে হবে।

(১৪) ঋণ প্রদান পরবর্তীতে যথাযথভাবে Follow-upও ঋণ হিসাবটি নিবিড়ভাবে তদারকির মাধ্যমে নিয়মিত রাখতে হবে।

(চলমান পাতা-০৩)

Phone: +8802477786740
Mobile: 01713-253796
Email: br7967@bangla.net



মঞ্জুরিপত্র নংঃ- ইবিকর্পোঃশাঃ/পাঃবিঃগৃঃনিঃঋণ/মঞ্জুরী/০১/২০২৬ তারিখঃ ১৮/০৬/২০২৬ ইং।



বিষয়ঃ আপনার অনুকূলে পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৯ এর আওতায় ঝিনাইদহ পৌরসভার খোর্দ ঝিনাইদহ মৌজায় ৩.০০ শতক জমির উপর ৪ তলা ভিত বিশিষ্ট ভবনের বেইজমেন্টসহ ১ম,২য় ও ৩য় তলা পর্যন্ত সর্বমোট ৮২০.১২*৪= ৩২৮০.৪৮ বর্গফুট বাড়ী তৈরীর জন্য ২০ (বিশ) বছর মেয়াদে ৯% সরল সুদে (৪% কর্মচারী কর্তৃক প্রদেয় এবং ৫% সরকার কর্তৃক ভর্তুকি হিসেবে প্রদেয়) ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা বাড়ি নির্মাণ ঋণের সাময়িক মঞ্জুরিপত্র অনুমোদন প্রসঙ্গে।

**শর্তাবলী ঃ (চলমান)**

(১৫) প্রধান কার্যালয়ের ২৩-০৫-২০০৬ তারিখের নির্দেশ পরিপত্র নম্বর শিঋবি-১/৪৯ এবং ২১-০৬-২০২১ তারিখের নির্দেশ পরিপত্র নং-সিপিসিআরএমডি/৭৪ মোতাবেক লোন প্রসেসিং ফি আদায় করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যাংকের অনুমোদন ব্যতীত ভবনের মালিকানায় কোন পরিবর্তন করা যাবে না।

(১৬) বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন নীতিমালা, ২০০৪ এ উল্লেখিত শর্ত পরিপালন পূর্বক অন্যান্য সংবিধিবদ্ধ সংস্থার অনুমোদনের পর আবাসিক প্রকল্পে ঋণ বিতরণ করতে হবে।

(১৭) নির্মাণ কাজের অগ্রগতির ভিত্তিতে ০৪ (চার) টি সমকিস্তিতে ঋণটি বিতরণযোগ্য হবে।

(১৮) ১২ মাস বাস্তবায়নকালীন সময়সহ ঋণের মেয়াদ হবে ২০ (বিশ) বছর। এ ঋণ ২২৮ টি মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য হবে। ঋণের প্রথম কিস্তি বিতরণের তারিখ হতে ১২ তম মাসের মধ্যে এবং শেষ কিস্তি ২৪০ তম মাসে পরিশোধ করতে হবে। ঋণ পরিশোধের চূড়ান্ত সিডিউল অনুযায়ী মাসিক কিস্তি পরিশোধিত হবে। ঋণ পরিশোধের চূড়ান্ত সিডিউল অনুযায়ী কিস্তি পরিশোধ করার পর অবশিষ্ট পাওনা যদি থাকে তা শেষ কিস্তির সাথে আদায়যোগ্য।

(১৯) বন্ধকীকৃত সম্পত্তির দলিলাদি যথাযথভাবে সম্পাদনসহ সংশ্লিষ্ট সম্পত্তির মূল দলিল/মূল রশিদসহ সার্টিফাইড কপি, হাল মাঠ জরিপ পর্চা, ডিসিআরসহ বর্ণিত সম্পত্তির বন্ধকদাতার নামে হালনাগাদ রেকর্ড মোতাবেক নামজারী, হাল সন পর্যন্ত খাজনা/দাখিলা ও নন-এনকাম্ব্রান্স সার্টিফিকেট এবং দাগ চিহ্নিত মৌজা ম্যাপ গ্রহণ সাপেক্ষে ঋণটি বিতরণযোগ্য হবে।

(২০) সাধারণ গৃহ নির্মাণ ঋণ(আবাসিক ও বাণিজ্যিক) নীতিমালা সংক্রান্ত প্রধান কার্যালয়ের নির্দেশ পরিপত্র নং-সিপিসিআরএমডি/৬৪, তাং-০৬-০৬-১৭ এর সকল নির্দেশনা পুঙ্খানুপুঙ্খরূপে অনুসরণ/পরিপালন নিশ্চিত করে ব্যাংকের প্রচলিত নিয়মনীতি অনুসরণ সাপেক্ষে মঞ্জুরিকৃত ঋণসীমা বিতরণযোগ্য হবে।

(২১) নির্মাণাধীন ভবনের নকশা যথাযথ কর্তৃপক্ষকর্তৃক অনুমোদিত কিনা তা যাচাই এবং নির্মাণাধীন ভবন অনুমোদিত নকশা মোতাবেক তৈরী/নির্মিত হচ্ছে কিনা সে বিষয়ে প্রকৌশলীর প্রত্যয়ণ ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে।

(২২) বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং-০৮ তারিখ ২৮-০৪-২০১৩ তথা এ ব্যাংকের এএডইডি/এস্টেট/কা-৭৭/৫০/১৩ তাং-১২-০৫-২০১৩নং পত্রের মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী বিল্ডিং কনস্ট্রাকশন এর বিল্ডিং কোড, পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত বিধিমালা, অগ্নি প্রতিরোধ ব্যবস্থা, ভূমি উন্নয়ন নীতিমালা পরিপালন নিশ্চিত করতে হবে। এছাড়াও সংশ্লিষ্ট গৃহ নির্মাণ সংক্রান্ত যাবতীয় নীতিমালা পরিপালন নিশ্চিত করতে হবে।

(২৩) বন্ধকীকৃত ভবনটিতে "অগ্রণী ব্যাংক পিএলসি, ইসলামী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা, কুষ্টিয়া এর নিকট দায়বদ্ধ" মর্মে লিখিত একটি সাইনবোর্ড ভবনের দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

(২৪) শাখায় ঋণ গ্রহীতার মাসিক বেতন হিসাব হতে ঋণের মাসিক কিস্তি ঋণের মেয়াদকাল পর্যন্ত কর্তন করতে হবে। ঋণ গ্রহীতার ব্যাংক হিসাব হতে প্রতি মাসে বেতন/ভাতা/ভর্তুকি জমা হওয়ার পর ঋণের পূর্ণ কিস্তির টাকা কর্তন করতঃ অবশিষ্ট অর্থ ঋণ গ্রহীতা কর্তৃক উত্তোলনযোগ্য হবে।

(২৫) ঋণের অপরিশোধিত সুদসহ বকেয়া স্থিতি সংশ্লিষ্ট শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর পেনশন সুবিধা/আনুতোষিক হতে আদায়যোগ্য হবে।

(চলমান পাতা-০৪)

Phone: +8802477786740
Mobile: 01713-253796
Email: br7967@bangla.net

**অগ্রণী ব্যাংক পিএলসি.** ইসলামী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা, কুষ্টিয়া

**Agrani Bank PLC** Islamic University Corporate Branch,Kushtia

Committed to serve the nation

মঞ্জুরিপত্র নংঃ- ইবিকর্পোঃশাঃ/পাঃবিঃগৃঃনিঃঋণ/মঞ্জুরী/০১/২০২৬ তারিখঃ ১৮/০৬/২০২৬ ইং।



বিষয়ঃ আপনার অনুকূলে পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৯ এর আওতায় ঝিনাইদহ পৌরসভার খোর্দ ঝিনাইদহ মৌজার ৩.০০ শতক জমির উপর ৪ তলা ভিত বিশিষ্ট ভবনের বেইজমেন্টসহ ১ম,২য় ও ৩য় তলা পর্যন্ত সর্বমোট ৮২০.১২*৪= ৩২৮০.৪৮ বর্গফুট বাড়ী তৈরীর জন্য ২০ (বিশ) বছর মেয়াদে ৯% সরল সুদে (৪% কর্মচারী কর্তৃক প্রদেয় এবং ৫% সরকার কর্তৃক ভর্তুকি হিসেবে প্রদেয়) ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা বাড়ি নির্মাণ ঋণের সাময়িক মঞ্জুরিপত্র অনুমোদন প্রসঙ্গে।

(২৬) ঋণগ্রহীতা অবসর গ্রহণের ক্ষেত্রে ঋণ গ্রহীতা তাঁর পিআরএল সময়কাল পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্য হবেন। অবসর গ্রহণের পর সরকার কোন ভর্তুকি প্রদান করবেন না। যদি কোন কারনে ২৩ নং শর্ত অনুযায়ী ঋণ অসমন্বিত থাকে তাহলে সুদের হার অপরিবর্তিত রেখে (৯%) অবসর গ্রহণের পর ঋণের কিস্তি প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ এমনভাবে পুনর্গঠন করে নিতে হবে যেন অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর প্রাপ্য মাসিক পেনশন হতে ঋণের নির্ধারিত কিস্তি সহজেই আদায়যোগ্য হয়। অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর পুনঃ তফসিলকৃত ঋণের মাসিক কিস্তি আদায় নিশ্চিত করণের লক্ষ্যে ঋণ গ্রহীতার মাসিক পেনশনের টাকা ব্যাংকে হিসাবের মাধ্যমে পরিশোধের ব্যবস্থা অব্যাহত থাকবে।

(২৭) সকল প্রকার খাজনা, চার্জ, ট্যাক্স ইত্যাদি সময়মত পরিশোধপূর্বক সংশ্লিষ্ট রশিদ সংগ্রহ করে ঋণের দলিলাদির সাথে সংরক্ষণের জন্য শাখায় জমা দিতে হবে।

(২৮) LDCL(Loan Document Check List)যথাযথ ও নিয়মানুগ হওয়ার বিষয়টি শাখা কর্তৃক নিশ্চিত করতে হবে।

(২৯) পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা -২০১৯ এ অন্যান্য সকল প্রকার নিয়ম-কানুন ও শর্তাবলী প্রযোজ্য হবে।

(৩০) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা ও এ ব্যাংকের প্রচলিত নিয়ম ও শর্তসমূহ পরিপালন সাপেক্ষে ঋণটি বিতরণযোগ্য হবে।

(৩১) যৌক্তিক কারণে উল্লেখিত ঋণ পরিচালনায় নতুন এক বা একাধিক শর্ত আরোপ/সংশোধন করার এবং ঋণের মেয়াদকালের মধ্যে বাতিল বা উত্তোলন ক্ষমতা বন্ধ করে দেয়ার সকল ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(৩২) বন্ধকী দলিলের খসড়া ব্যাংকের তালিকাভুক্ত আইনজীবী কর্তৃক অনুমোদিত হতে হবে। বন্ধকী দলিল সম্পত্তির মালিক কর্তৃক সম্পাদন পূর্বক সংশ্লিষ্ট সাব-রেজিষ্ট্রার অফিসে এ ব্যাংকের কর্মকর্তার উপস্থিতিতে নিবন্ধিত হতে হবে।

(৩৩) নিয়মিত কিস্তি পরিশোধের পরও যদি কোন পাওনা থাকে তবে তা মেয়াদের মধ্যেই সর্বসাকুল্যে এককালীন পরিশোধ করতে হবে;

(৩৪) প্রধান কার্যালয়ের ১৫/০২/২০০৭ তারিখের নির্দেশ পরিপত্র নম্বর সাখবি/০৯ অনুযায়ী ঋণের বিপরীতে জামানত হিসাবে গৃহীত জমি ও ভবনের ছবি (স্থিরচিত্র) গ্রহণ সম্পর্কিত নীতিমালা অনুসরণ করতে হবে।

(৩৫) ঋণসীমা মঞ্জুরির তারিখ হতে ৬০(ষাট) দিনের মধ্যে দলিলাদি সম্পাদন পূর্বক ঋণ বিতরণযোগ্য হবে।

(৩৬) দলিলাদি সম্পাদনের পর সংশ্লিষ্ট আইনজীবীর নিকট থেকে এ মর্মে প্রত্যয়নপত্র নিতে হবে যে, আলোচ্য ঋণের সমুদয় দলিলাদি মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক এবং ব্যাংকের প্রচলিত নিয়ম কানুন ও আইন অনুযায়ী যথাযথভাবে সম্পাদন করা হয়েছে।

(৩৭) প্রধান কার্যালয়ের নির্দেশ পরিপত্র নং-সাখবি/৮৬ তাং-১৭-০৭-০৫ইং এর নির্দেশনা মোতাবেক ঋণের বিপরীতে বন্ধকী জামানতের বিবরণী/ চেকলিষ্ট প্রস্তুত করণ পূর্বক ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে।

(৩৮) পর পর ২টি চেক Dishonour হলে নিগোশিয়েবল ইন্সট্রুমেন্ট এ্যাক্ট, ১৮৮১ এর ১৩৮ ধারা মোতাবেক টাকা আদায়কল্পে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৩৯) বন্ধকী এবং আম-মোক্তার নামা দলিলে হোল্ডিং নং এবং চৌহদ্দি উল্লেখ করতে হবে।

(৪০) সম্পত্তির মালিকানা, দখলিস্বত্ব, চেইন দলিলাদি সঠিক, সম্পত্তিটি অধিগ্রহণভুক্ত নয়, সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড, আরডিএ কর্তৃক প্রণীত কোন উন্নয়নমূলক কর্মকান্ডের আওতাভুক্ত নয়, কোর্টস অব ওয়ার্ডস এর সম্পত্তি নয় এবং সংশ্লিষ্ট জমিতে স্থানীয় সরকার/ পৌরসভা/ রাজউক প্ল্যান অনুমোদন দেয়/অনুমোদিত প্ল্যান সঠিক মর্মে নিশ্চিত হয়ে ঋণটি বিতরণ করতে হবে।

(চলমান পাতা-০৫)

Phone: +8802477786740
Mobile: 01713-253796
Email: br7967@bangla.net

**অগ্রণী ব্যাংক পিএলসি.** ইসলামী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা, কুষ্টিয়া
**Agrani Bank PLC** Islamic University Corporate Branch,Kushtia
Committed to serve the nation

মঞ্জুরিপত্র নং- ইবিকর্পোঃশাঃ/পাবিগৃহনির্মাণঋণ/মঞ্জুরী/০১/২০২৬ তারিখঃ ১৮/০৬/২০২৬ ইং।



বিষয়ঃ আপনার অনুকূলে পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৯ এর আওতায় ঝিনাইদহ পৌরসভার খোর্দ ঝিনাইদহ মৌজায় ৩.০০ শতক ভূমির উপর ৪ তলা ভিত বিশিষ্ট ভবনের বেইজমেন্টসহ ১ম,২য় ও ৩য় তলা পর্যন্ত সর্বমোট ৮২০.১২*৪= ৩২৮০.৪৮ বর্গফুট বাড়ী তৈরীর জন্য ২০ (বিশ) বছর মেয়াদে ৯% সরল সুদে (৪% কর্মচারী কর্তৃক প্রদেয় এবং ৫% সরকার কর্তৃক ভুর্তকি হিসেবে প্রদেয়) ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা বাড়ি নির্মাণ ঋণের সাময়িক মঞ্জুরিপত্র অনুমোদন প্রসঙ্গে।

(৪১) **সম্পত্তির মালিকানা, দখলিস্বত্ব, চেইন দলিলাদি সঠিক, সম্পত্তিটি অধিগ্রহণভুক্ত নয়, সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড, আরজিএ কর্তৃক প্রণীত কোন উন্নয়নমূলক কর্মকান্ডের আওতাভুক্ত নয়, কোর্টস অব ওয়ার্ডস এর সম্পত্তি নয় এবং সংশ্লিষ্ট জমিতে স্থানীয় সরকার/ পৌরসভা/ রাজউক প্ল্যান অনুমোদন দেয়/অনুমোদিত প্ল্যান সঠিক মর্মে নিশ্চিত হয়ে ঋণটি বিতরণ করতে হবে।**

(৪২) প্রধান কার্যালয়ের সাধারণ ঋণ বিভাগের নির্দেশ পরিপত্র নং সাঋবি/৬১ তাং ০৯-৮-২০০১ইং মোতাবেক ব্যাংকের নিকট দায়বদ্ধ/বন্ধকীকৃত ভবন প্রাকৃতিক কারণে কোন প্রকার ক্ষতি হলে ঋণের অর্থ গ্রাহক নগদে পরিশোধ করবেন মর্মে ৩০০/- টাকার ষ্ট্যাম্পে অংগীকারনামা গ্রহণ করতে হবে।

(৪৩) গ্রাহকের নামে অন্যান্য ব্যাংক/অর্থলগ্নিকারী প্রতিষ্ঠানে কোন প্রকার অনিয়মিত দায়দেনা নেই মর্মে শাখা কর্তৃক নিশ্চিত হওয়ার পরই ঋণটি বিতরণযোগ্য হবে।

(৪৪) ভবন নির্মাণ কাজ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বৈধ নকশা অনুযায়ী সম্পন্ন করতে হবে। অনুমোদিত নকশার সঠিকতা সম্পর্কে ভবিষ্যতে কোন জটিলতার সৃষ্টি হলে অথবা কোন কারণে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ভবন ভেঙ্গে দিলে ঋণ গ্রহীতা এককালীন ঋণের টাকা ফেরৎ দিতে বাধ্য থাকবে এবং ব্যাংক ঋণ গ্রহীতার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে মর্মে ৩০০/= (তিনশত) টাকা মূল্যমানের নন্-জুডিশিয়াল ষ্ট্যাম্পে অংগীকারনামা নিতে হবে।

(৪৫) ঋণ হিসাবে বৎসরের যে কোন ৩(তিন) টি কিস্তি অনাদায়ী হয়ে পড়লে ব্যাংক ঋণ পরিশোধের জন্য চূড়ান্ত নোটিশ এবং পরবর্তীতে উকিল নোটিশ প্রদান করতে পারবে। উকিল নোটিশের প্রেক্ষিতে অনাদায়ী কিস্তি পরিশোধ করা না হলে আইনানুযায়ী ঋণ আদায়ের ব্যবস্থা করতে পারবে এ মর্মে বন্ধকী দলিলে একটি শর্ত থাকতে হবে।

(৪৬) **আলোচ্য জমি এবং ভবন অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে বন্ধক প্রদানের মাধ্যমে কোন প্রকার ঋণ গ্রহণ করা হয়নি মর্মে নিশ্চিত হয়ে আলোচ্য মঞ্জুরীকৃত ঋণ বিতরণ করতে হবে। অন্যথায় ভবিষ্যতে উদ্ভূত জটিলতার দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।**

(৪৭) কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীস্বেচ্ছায় চাকুরী ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক সংশ্লিষ্ট কর্মচারীকে বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরী হতে বরখাস্ত/চাকুরীচ্যুত করা হলে আদেশ জারীর তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।

(৪৮) **কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে ঋণের অপরিশোধিত কিস্তি তাঁর প্রাপ্য আনুতোষিক হতে জমা প্রদানের ব্যবস্থা করতে হবে। যদি আনুতোষিক এবং প্রাপ্য পারিবারিক পেনশন দ্বারা সম্পূর্ণ ঋণ আদায় নিশ্চিত না হয় তাহলে, তাঁর উত্তরাধিকারী নিকট হতে সুদের হার অপরিবর্তিত রেখে অপরিশোধিত টাকা আদায়যোগ্য হবে। এ ক্ষেত্রে অপরিশোধিত পাওনা আদায়ের জন্য ব্যাংকের প্রচলিত নিয়ম পরিপালনযোগ্য হবে।**

(চলমান পাতা-০৬)

**Phone:** +8802477786740
**Mobile:** 01713-253796
**Email:** br7967@bangla.net

**অগ্রণী ব্যাংক পিএলসি.** ইসলামী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা, কুষ্টিয়া

**Agrani Bank PLC** Islamic University Corporate Branch,Kushtia

Committed to serve the nation

মঞ্জুরিপত্র নংঃ- ইবিকর্পোঃশাঃ/পাঃবিঃগৃঃনিঃঋণ/মঞ্জুরী/০১/২০২৬ তারিখঃ ১৮/০৬/২০২৬ ইং।



বিষয় ঃ আপনার অনুকূলে পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৯ এর আওতায় ঝিনাইদহ পৌরসভার খোর্দ্দ ঝিনাইদহ মৌজায় ৩.০০ শতক জমির উপর ৪ তলা ভিত বিশিষ্ট ভবনের বেইজমেন্টসহ ১ম,২য় ও ৩য় তলা পর্যন্ত সর্বমোট ৮২০.১২*৪= ৩২৮০.৪৮ বর্গফুট বাড়ী তৈরীর জন্য ২০ (বিশ) বছর মেয়াদে ৯% সরল সুদে (৪% কর্মচারী কর্তৃক প্রদেয় এবং ৫% সরকার কর্তৃক ভর্তুকি হিসেবে প্রদেয়) ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা বাড়ি নির্মাণ ঋণের সাময়িক মঞ্জুরিপত্র অনুমোদন প্রসঙ্গে।

**শর্তাবলী ঃ (চলমান)**

(৪৯) ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকী দলিলের শর্তাদি সমঝোতা স্মারকের দ্বারা কোনক্রমেই অকার্যকর হবে না। বন্ধকী দলিল-ই ঋণ চুক্তি হিসেবে গণ্য হবে এবং সম্পাদিত সমঝোতা স্মারক তার সম্পূরক বলে গণ্য হবে।

(৫০) মূল দলিল ব্যতিরেকে কোন ডুপ্লিকেট বা সার্টিফাইড দলিল গ্রহণ করে ঋণ দেয়া যাবে না।

(৫১) মর্গেজ দলিল প্রধান কার্যালয়ের আইন বিভাগ, ঢাকা থেকে ভেটেড করে নিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

(৫২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের পরিপত্র নং-০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ তারিখ ২৬-১২-২০১৯ এবং প্রধান কার্যালয়ের নির্দেশ পরিপত্র নং-সিপিসিআরএমডি/১৭, তারিখঃ ০২-০৩-২০২০ এ বর্ণিত সকল নির্দেশনা পুঙ্খানুপুঙ্খভাবে পরিপালন সাপেক্ষে ঋণটি বিতরণযোগ্য হবে। এর পরেও সমঝোতা স্মারক বাস্তবায়নে কোন অস্পষ্টতা দেখা দিলে তা উভয়পক্ষের মধ্যে পারস্পরিক আলোচনার ভিত্তিতে স্পষ্টীকরণ করা হবে।

এমতাবস্থায়, বর্ণিত ঋণ সুবিধা প্রযোজ্য শর্তাদিসহ আপনার অনুকূলে সাময়িক মঞ্জুরীপত্র সরবরাহ করা হলো।

আপনার বিশ্বস্ত

সংযুক্তঃ পরিশোধসূচী ১২(বার) পাতা।

স্বা/-

| স্বা/- | স্বা/- | স্বা/- | |
|---|---|---|---|
| (আহসান হাবীব) | (তপন কুমার) | (মোঃ আমিরুল ইসলাম) | (মোঃ নাদীম রেজা) |
| সিনিয়র অফিসার | প্রিন্সিপাল অফিসার | প্রিন্সিপাল অফিসার | সহকারী-মহাব্যবস্থাপক ও শাখা প্রধান |

বিতরণঃ

১। অর্থ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, গৃহ নির্মাণ ঋণ কোষ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২। রেজিষ্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
৩। অফিস কপি।

সিনিয়র অফিসার — প্রিন্সিপাল অফিসার — প্রিন্সিপাল অফিসার — সহকারী-মহাব্যবস্থাপক ও শাখা প্রধান

Principal Officer
Agrani Bank PLC

Md. Amirul Islam
Principal Officer
Agrani Bank PLC.
Islamic University Corp. Br. Kushtia.

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।